

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩০৯

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৯. যে ব্যক্তি বলেন, ইলম হল আল্লাহর ভয় ও তাকওয়া

بَابُ مَنْ قَالَ: الْعِلْمُ: الْخَشْيَةُ وَتَقْوَى اللَّهِ

আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ الْمُغِيرَةِ، حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ، عَنْ مُحَمَّدِ بْنِ مُطَرِّفٍ وَعَبْدِ الْعَزِيزِ
بْنِ إِسْمَاعِيلَ بْنِ عُبَيْدِ اللَّهِ بْنِ أَبِي الْمُهَاجِرِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَ: «مَنْ أَرَادَ أَنْ
يُكْرَمَ دِينُهُ، فَلَا يَدْخُلْ عَلَى السُّلْطَانِ، وَلَا يَخْلُوتَ بِالنِّسْوَانِ، وَلَا يُخَاصِمَنَّ أَصْحَابَ
الْأَهْوَاءِ

رجاله ثقات غير أن الوليد بن مسلم قد عنعن وهو مدلس والإسناد منقطع وربما كان
معضلاً

বাংলা

৩০৯. উবাইদুল্লাহ ইবনু আবুল মুহাজির হতে বর্ণিত, আব্দুল্লাহ ইবনু মাসউদ রাদিয়াল্লাহু আনহু বলেন: যে ব্যক্তি তার দীনকে মর্যাদামণ্ডিত করতে চায়, সে যেন সুলতান বা শাসকের নিকট না যায়, আর কখনোই সে যেন নারীদের সাথে একাকী অবস্থান না করে এবং প্রবৃত্তির অনুসারীদের সাথে তর্কে লিপ্ত না হয়।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। তবে ওয়ালীদ ইবনু মুসলিম মুদাল্লিস, আর সে ‘আন’আন’ পদ্ধতিতে এটি বর্ণনা করেছেন। আর এর সনদ মুনকাতি’ বা বিচ্ছিন্ন। আর সম্ভবত এটি মু’দ্বাল (সনদের মাঝে পরপর দুই বা ততোধিক রাবীর নাম বাদ পড়েছে)।

তাখরীজ: (এর কোনো তাখরীজ মুহাক্কিক দেননি- অনুবাদক)

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69620>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন